

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১০, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

প্রজ্ঞাপন

তারিখ, ২৪শে জুইন্ট ১৪০৬/৭ই জুন ১৯৯৯

এস. আর. ও নং ১২৪-আইন/৯৯/১৭৯৪/কাস।—Customs Act, 1969 (IV of 1969) এর section 219(1), উক্ত Act এর THIRD SCHEDULE এর আইটেম ১৭ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড ট্রান্সফার অব রেসিডেন্স (Transfer of Residence) (ব্যাগেজ) বিধিমালা, ১৯৯৫ নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালায়—

- (১) বিদ্যমান বিধি ৩ উক্ত বিধির উপ-বিধি (১) হিসাবে পুনর্সংখ্যায়িত হইবে এবং উক্তরূপ পুনর্সংখ্যায়িত উপ-বিধি (১) এর “১,০০,০০০ (এক লক্ষ) টাকা” এবং “১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা” সংখ্যাগুলি, শব্দগুলি ও বন্ধনী-গুলির পরিবর্তে, যথাক্রমে, “২,০০০ (দুই হাজার) মার্কিন ডলার” এবং “৩,০০০ (তিন হাজার) মার্কিন ডলার” সংখ্যাগুলি, শব্দগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;
- (২) উক্তরূপ পুনর্সংখ্যায়িত উপ-বিধি (১) এর পর নিম্নরূপ নতুন উপ-বিধি (২) সংযোজিত হইবে, যথাঃ—

“(২) কোন পরিবারের প্রকৃত আবাস স্থানান্তরের ক্ষেত্রে উক্ত পরিবারের প্রধান উপ-বিধি (১)-এ উল্লিখিত যাত্রীর সন্নিবিধি প্রাপ্য হইবেন এবং পরিবারের

(৩১৩৭)

মূল্য : টাকা ১-০০

অন্যান্য সদস্যের প্রত্যেকে উক্ত উপ-বিধিতে উল্লিখিত মূল্যের শতকরা পনের ভাগ মূল্যের ব্যাগেজের জন্য উক্ত স্বেচ্ছাসিদ্ধি প্রাপ্য হইবে।

ব্যাখ্যা।—কোন পরিবারের সদস্যগণ বিভিন্ন মেয়াদে বিদেশে অবস্থান করিয়া থাকিলে উক্ত পরিবারের প্রধানের বিদেশে অবস্থানের মেয়াদ পরিবারের অন্যান্য সদস্যের অবস্থানের মেয়াদ বলিয়া গণ্য হইবে।”;

- (৩) বিধি ৪ এর তালিকায় “১,০০০ (এক হাজার) টাকা” সংখ্যা, শব্দগুণিত ও বন্ধনী-গুণিত পরিবর্তে “২০ (কুড়ি) মার্কিন ডলার” সংখ্যা, শব্দগুণিত ও বন্ধনীগুণিত প্রতিস্থাপিত হইবে;
- (৪) বিধি ৫ এর “৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা” সংখ্যা, শব্দগুণিত ও বন্ধনীগুণিত পরিবর্তে “১,০০০ (এক হাজার) মার্কিন ডলার” সংখ্যা, শব্দগুণিত ও বন্ধনীগুণিত প্রতিস্থাপিত হইবে;
- (৫) বিধি ৬ এর—
- (ক) দফা (ক) এ “ঘোষণাপত্র প্রদান করিতে হইবে” শব্দগুণিত পর “এবং কোন পরিবারের ক্ষেত্রে উক্ত পরিবারের পক্ষে উহার প্রধানকে উক্তরূপ ঘোষণাপত্র প্রদান করিতে হইবে” শব্দগুণিত সংযোজিত হইবে;
- (খ) দফা (খ) এ “অন্যান্য সদস্যদের পাসপোর্ট” শব্দগুণিত পরিবর্তে “অন্যান্য সদস্যদের নামের তালিকাসহ পাসপোর্ট” শব্দগুণিত প্রতিস্থাপিত হইবে ;
- (গ) দফা (ছ) এর তালিকায় “১,০০০ (এক হাজার) টাকা” সংখ্যা, শব্দগুণিত ও বন্ধনীগুণিত পরিবর্তে “২০ (কুড়ি) মার্কিন ডলার” সংখ্যা, শব্দগুণিত ও বন্ধনীগুণিত প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আ, ম, মসরুর আহমেদ
প্রথম সচিব (শুল্ক)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়,
ঢাকা কর্তৃক মন্ত্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।